JAN. 21 2001

দৈনিক ইত্তেফাক

# আজ হইতে বোর্ডের নূতন বই বিক্রয় শুরু

*ইত্তেফাক রিপোর্ট ॥ আজ রবিবার হইতে দেশের বিভিন্ন লাইব্রেরীতে স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য বোর্ডের নূতন বই বিক্রয় শুরু হইবে। প্রথম পর্বে ৬ষ্ঠ হইতে ৮ম শ্রেণী পর্যন্ত বাংলা, ইংরেজী ও গণিত এবং ৯ম শ্রেণীর গদ্য ও পদ্য সংকলন, ইংরেজী, মাধ্যমিক বীজগণিত ও মাধ্যমিক জ্যামিতিসহ মাত্র ১৪টি নূতন বই বিক্রয় করা হইবে। দ্বিতীয় ও ৩য় পর্বের বই বিতরণ* *(২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)*

## আজ হইতে বোর্ডের

(১ম পৃঃ পর)

সম্পর্কে পরবর্তীতে পত্রিকার মাধ্যমে তারিখ প্রকাশ করা হইবে। আজ ইত্তেফাকের ১১ পৃষ্ঠায় এতদসংক্রান্ত বিজ্ঞাপন প্রকাশ করা হইয়াছে। এদিকে ছাত্র ফেডারেশন গতকাল শনিবার এক সাংবাদিক সম্মেলনে জানুয়ারী মাসের মধ্যে সারাদেশে পাঠপুস্তক বিতরণ প্রক্রিয়া সম্পন্ন করার দাবী জানাইয়াছে।

**বইয়ের দাবীতে বিক্ষোভ, ধর্মঘট পালন**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, জানুয়ারী মাসের মধ্যে সারাদেশে স্কুল ছাত্রদের হাতে বই পৌছাইয়া দেওয়ার দাবীতে গতকাল শনিবার ছাত্রমৈত্রী আহূত স্কুল ধর্মঘট আংশিকভাবে পালিত হইয়াছে। সকালে রাজধানীর কয়েকটি স্কুলের ছাত্র-ছাত্রীরা দাবীর প্রতি সমর্থন করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মিছিল করে। পরে বই, খাতা এবং ফেস্টুনসহ মিছিলটি টিএসসি, দোয়েল চত্বর, হাইকোর্ট মাজার হইয়া প্রেসক্লাবের সম্মুখে সমাবেশ করে। সমাবেশে বক্তব্য রাখেন দীপঙ্কর সাহা দিপু, জিয়াউল হক জিয়া, সাব্বাহ আলী খান কলিন্স, আবুল আহাদ মিনার প্রমুখ। সমাবেশে ছাত্র নেতৃবৃন্দ বলেন, নূতন শিক্ষা বৎসরে দেশের কোটি কোটি ছাত্রকে বই ছাড়া স্কুলে যেতে হলো। এইজন্য সরকারের অসতর্কতা, শিক্ষা প্রশাসনে দুর্নীতি এবং শীর্ষ ঋণখেলাপীরা দায়ী।

সারাদেশে স্কুল ছাত্রদের হাতে বোর্ডের পাঠ্যপুস্তক না পৌছানোর প্রতিবাদে ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে সমাবেশ, বিক্ষোভ ও ধর্মঘট পালিত হয়।